স্নাতক পাঠক্রম

(বি. ডি. পি.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা — ডিসেম্বর, ২০১১ ও জুন, ২০১২

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা

দ্বিতীয় পত্র

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) প্রাচীন বাংলা ভাষার সাধারণ লক্ষণগুলি উদাহরণসহ আলোচনা করুন।

(খ) আধুনিক বাংলা ভাষায় দ্রাবিড়, অষ্ট্রিক, ভোটচীনীয় ভাষাগোষ্ঠীর প্রভাব উদাহরণসহ বুঝিয়ে দিন।

(গ) বাংলা সাধু ও চলিত ভাষার বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ আলোচনা করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) 'কলাবৃত্ত' বা 'ধ্বনিপ্রধান' অভিধা দুটির অর্থ ও তাৎপর্য বুঝিয়ে দিন। এই ছন্দের সঙ্গে 'মিশ্রবৃত্ত' বা 'তান প্রধান' রীতির পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) নব্য-ভারতীয় আর্য ভাষাগুলির ভৌগোলিক অবস্থান, নাম ও পরিচয় দিন।

(খ) বাংলা স্বর ও ব্যঞ্জন ধ্বনির উচ্চারণ বৈচিত্র্য ও তজ্জনিত শ্রেণিভেদগুলি উল্লেখ করুন।

(গ) 'শব্দালংকার' ও 'অর্থালংকারের' পার্থক্য উদাহরণসহ বুঝিয়ে দিন। সাদৃশ্যমূলক অর্থালংকার কীভাবে গড়ে ওঠে ? এই অলংকারের অঙ্গগুলি উদাহরণসহ দেখিয়ে দিন। ৪ + ৪ + ৪

(ঘ) 'পয়ার' ও 'প্রবাহমান পয়ারের' পার্থক্য উদাহরণসহ আলোচনা করুন।

(ঙ) মাত্রা, পর্ব, পর্বাঙ্গ কাকে বলে উদাহরণসহ বুঝিয়ে দিন। নিম্নলিখিত অংশটির ছন্দোবন্ধ বিচার করে ছন্দোলিপি প্রণয়ন করুন : ৬ + ৬

তোমার কীর্তির চেয়ে তুমি যে মহৎ
তাই তব জীবনের রথ
পশ্চাতে ফেলিয়া যায় কীর্তিরে তোমার
বারবার।

(চ) বাংলা ভাষার আগন্তুক বা কৃতঋণ শব্দের শ্রেণি পরিচয়সহ উদাহরণ দিন। ৬ + ৬

(ছ) বাংলা শব্দার্থের পরিবর্তনের ধারা প্রাসঙ্গিক উদাহরণসহ আলোচনা করুন।

(জ) নীচের শব্দগুলি বিশ্লেষণ করে তাদের রূপিমগুলি চিহ্নিত করুন : ৬ × ২

নাবালক, নিখুঁত, ভাসমান, ঘুমন্ত, ফুলগুলি, সংহার।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) 'ঐতিহাসিক' ও 'তুলনামূলক' ব্যাকরণ কাকে বলে ?

(খ) বাংলার সঙ্গে উদ্ভব সূত্রে সম্পর্কান্বিত বাংলার 'জ্ঞাতি স্থানীয়' ভাষার নাম পরিচয় উল্লেখ করুন।

(গ) পার্থক্য বুঝিয়ে দিন :
বর্ণ ও ধ্বনি, মাত্রা ও কলা, ছেদ ও যতি।

(ঘ) 'সাঙ্গ রূপক' উদাহরণসহ বুঝিয়ে দিন।

(ঙ) অলংকার নির্ণয় করুন (প্রতিটির নাম ও ব্যাখ্যাসহ) (যে কোন **দুটি**) :

(i) জাগে লঙ্কা আজি
নিশীথে, ফিরেন নিদ্রা দুয়ারে দুয়ারে —

(ii) যে মুহূর্তে পূর্ণ তুমি সে-মুহূর্তে তব কিছু নাই।

(iii) কারে দাও ডাক,
হে ভৈরব, হে রুদ্র বৈশাখ।

(iv) কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে ?
দুঃখ বিনা সুখলাভ হয় কি মহীতে ?

(চ) বাংলা ভাষায় উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত শব্দ সম্পর্কে আলোচনা করুন।

(ছ) তিনজন প্রাচীন ভারতীয় আলংকারিকের নাম, তাঁদের গ্রন্থের নাম ও অলংকার-চর্চার কাল উল্লেখ করুন।